


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের দপ্তর
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
নওগাঁ।
dadfirenaon@gmail.com



“মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি”

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নওগাঁর অফিস কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সুশাসন
প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ অনুষ্ঠিত সভার কায বিবরণী :

সভাপতি : মো: মাহমুদুল হাসান, উপ-সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নওগাঁ।
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নওগাঁর অফিস কক্ষ।
তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি:।
সময় : ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের নামের তালিকা : পরিশিষ্ট “ক”।

সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অনুষ্ঠিত সভায় উপস্থিত সরকারি/বেসরকারি ও বিভিন্ন সংস্থা হতে আগত প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে আলোচনায় সভাপতি জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সরকারের একটি সেবামুখী প্রতিষ্ঠান। দুর্জয় সাহস, অমিত মনোবল আর দৃঢ় প্রত্যয়ে গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে এই প্রতিষ্ঠানের কর্মীগণ সর্বদা মানব সেবায় নিয়োজিত। প্রাকৃতিক ও মানবসৃষ্ট সকল দুর্ঘটনায় সরকারের প্রথম সাড়া দানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।

১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করে থাকে। এই সেবা প্রক্রিয়ায় নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করে। দায়বদ্ধতা নিশ্চিতকরণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কি ধরনের সেবা প্রদান করে, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানের পদ্ধতি ইত্যাদি বিষয়ে সভাপতি আলোচনা করেন। কর্মকর্তা/কর্মচারীদের সাথে সুশাসন জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু আছে। কোন অভিযোগ থাকলে সে সম্পর্কে অবগত করার জন্য ডাকযোগে, ওয়েবসাইটের সেবাবক্সের মাধ্যমে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বক্সে অভিযোগ দাখিলের জন্য ফরম দেয়া আছে, কোন অভিযোগ থাকলে নির্ধারিত ফরম পূরণ করে অভিযোগ দাখিল করা যায়। প্রতি কার্যদিবসে অভিযোগ বক্স পরিবীক্ষণ করা হয়। তাছাড়া ডাকযোগে অভিযোগ আসলে অধিদপ্তরের তদন্ত শাখার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : অভিযোগ বক্সসহ অন্য কোন মাধ্যমে অভিযোগ পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে মহাপরিচালক অথবা অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার বরাবর প্রেরণ করতে হবে।

২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভিন্ন কার্যক্রমের মধ্যে উল্লেখ যোগ্য হলো-অগ্নিনির্বাপন ও দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর, অ্যান্ডুলেপ্স সার্ভিস পরিচালনা, দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা, বহুতল/বাণিজ্যিক ভবন, শপিংমল, হাটবাজার, বিপণিবিতান, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, সড়ক/মহাসড়কের ঝুঁকিপূর্ণ স্থান, স্থল বন্দর, নৌ-বন্দর, লঞ্চঘাট, ফেরিঘাট, ধর্মীয় প্রতিষ্ঠান ও বস্তি এলাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক মহড়া ও প্রশিক্ষণ পরিচালনা করা হয়। যেকোন দুর্ঘটনা-দুর্ঘটনায় দ্রুত সাড়াদানে নিমিত্ত দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে টহল কার্যক্রম পরিচালনা, ওয়ারহাউজ/ওয়ার্কশপের অগ্নিপ্রতিরোধ ও নির্বাপন ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র প্রদান, ফায়ার লাইসেন্স ও অন্যান্য বাবদ রাজস্ব আদায়, ফায়ার রিপোর্ট প্রদান, সার্ভে পরিচালনা করা হয়।

সিদ্ধান্ত : স্বচ্ছতা নিশ্চিত ও দুর্নীতিরোধকল্পে ই-ফায়ার লাইসেন্স, বহুতল ভবনের অনাপত্তি সনদ, ফায়ার সেফটি ম্যানেজার কোর্স, ফায়ার সায়েন্স এন্ড অকুপেশনাল সেফটি কোর্স ও পোষ্ট গ্র্যাডুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স এন্ড টেকনোলজি কোর্স এর অনলাইন আবেদন করার লক্ষ্যে নাগরিকদেরকে আরো উৎসাহিত করতে হবে। এ বিষয়ে অনলাইন/অফলাইনে প্রচার কার্যক্রম বাড়াতে হবে।